280

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- ইআবি/পনি/কামিল-১ম.২য় পর্ব/২০২০/ ২৬৯৬

০২ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ
১২ জমাদিউস সানি, ১৪৪৩ হিজরী

কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২০ এর নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট মান উন্নয়ন এবং রিটেইক পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর আওতাধীন সকল কামিল মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২০ এর ফরম পূরণের নিমিত্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলি এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

১। অন-লাইনে (eFF) আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলী :

ক্রম.	কাজের বিবরণ	তারিখ
০১	বিলম্ব ফি' ছাড়া কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষার অনলাইন eFF এর তারিখ	২৭/০১/২০২২ খ্রি. থেকে ১০/০২/২০২২খ্রি. পর্যন্ত।
০২	বিলম্ব ফি' ছাড়া কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষার ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ	১৩/০২/২০২২ খ্রি. থেকে ১৬/০২/২০২২খ্রি. পর্যন্ত।
০৩	বিলম্ব ফি'সহ কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষার অনলাইন eFF এর তারিখ	১১/০২/২০২২ খ্রি. থেকে ১৮/০২/২০২২খ্রি. পর্যন্ত।
০৪	বিলম্ব ফি'সহ কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষার ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ	২০/০২/২০২২ খ্রি. থেকে ২২/০২/২০২২খ্রি. পর্যন্ত।

২। পরীক্ষার্থীর যোগ্যতা :

ক) কামিল ১ম পর্ব :

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের কামিল (স্নাতকোত্তর) ১ম পর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী পরীক্ষা-২০২০ এ অংশগ্রহণ করতে পারবে এবং ২০১৮-২০১৯ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তি হয়ে ইতোপূর্বে ১ম পর্বের কোনো পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সেসকল পরীক্ষার্থীগণ কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০২০ এ অংশ গ্রহণ করতে পারবে।

খ) কামিল ২য় পর্ব :

যে সকল পরীক্ষার্থী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৯ এ অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা কামিল (স্নাতকোত্তর) ২য় পর্ব পরীক্ষা-২০২০ এ অংশগ্রহণ করতে পারবে এবং যে সকল পরীক্ষার্থী ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম পর্ব থেকে উত্তীর্ণ হয়ে ২য় পর্ব পরীক্ষা-২০১৯ এ অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতার্য হয়েছে তারা ২য় পর্ব পরীক্ষা-২০২০ এ অংশগ্রহণ করতে পারবে।

৩। রিটেইক (Retake)/গ্রেড উন্নয়ন পরীক্ষা :

ক) কোনো পরীক্ষার্থী কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০১৯ এ সকল বিষয়ে অংশগ্রহণ করে কোন ০১ (এক) টি বিষয়ে অকৃতকার্য হয়ে থাকলে পরবর্তী বছর (Immediate Year) হিসেবে ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২০-এ শুধুমাত্র সেই অকৃতকার্য/অনুত্তীর্ণ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

খ) যে সকল পরীক্ষার্থী কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষায় গ্রেড পয়েন্ট ৫.০০ এর কম পেয়েছে, তারা গ্রেড উন্নয়ন করতে চাইলে ২০২০ সালের ১ম ও ২য় পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে মান উন্নয়নের সুযোগ পাবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থী অবশ্যই উক্ত বর্ষের পরীক্ষার Online এ (eFF মেনুতে) Improvement/গ্রেড উন্নয়ন ফরম পূরণ করতে হবে।

গ) রিটেইক (Retake)/গ্রেড উন্নয়ন (Improvement) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি বিষয় ৪০০.০০ (চারশত) টাকা ফি ব্যাংকে জমাদান সাপেক্ষে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবর আবেদন করতে হবে।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

২৩০

৪। **রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলী :**

রেজিস্ট্রেশন নম্বর ব্যতীত ফরম পূরণের আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে পরীক্ষার ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। **পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :**

পরীক্ষার্থীকে সর্বশেষ প্রচলিত কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্বের জন্য প্রণীত পাঠক্রম-পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

৬। **অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী :**

ক) eFF এর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী Payslip **এর মাধ্যমে** অগ্রণী ব্যাংক লিমিটেডে সমপরিমাণ টাকা জমা দিতে হবে।

(কোন অবস্থাতে ১৮/০২/২০২২ খ্রি. এর পরে অনলাইনে eFF করা যাবে না)।

৭। **পরীক্ষার্থীদের যাবতীয় ফি এর হার নিম্নরূপ:**

পরীক্ষার নাম	পরীক্ষার ফি (প্রতি পত্র)	টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি পত্র)	মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি শিক্ষার্থী)	সাময়িক সনদপত্র ফি	নম্বরপত্র ফি	মোট	রিটেইক/গ্রেড উন্নয়ন (প্রতি পত্র)	বিলম্ব ফি
কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব	২০০/- (৪ টি পত্র)	৩২০/- (৪ টি পত্র)	২০০/-	৫/-			১,৩২৫/-	৪০০/-	৩০০/-
কামিল (স্নাতকোত্তর) ২য় পর্ব	২০০/- (৪ টি পত্র)	৩২০/- (৪ টি পত্র)	২০০/-	৫/-	২৫০.০০	২০০.০০	১,৭৭৫.০০ (রিটেইক/গ্রেড উন্নয়ন ফি ব্যতীত)	৪০০/-	৩০০/-

৮। **অন্যান্য ফি-এর হার :**

ক) কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২০-এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি বাবদ ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে।

গ) যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে পুনঃভর্তি ফি জমা দেয়নি তাদের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা পুনঃভর্তি ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লি. হিসাব নং-০২০০০০৯০৮২৩৪১ (ইআবি পরীক্ষা ফান্ড) সাতমসজিদ রোড শাখা, ধানমন্ডি, ঢাকা, এর মাধ্যমে জমা দিয়ে ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৯। **পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি জমা দেয়ার নিয়মাবলী :**

প্রথম ধাপ : iau.edu.bd/payment প্রবেশ করুন।

দ্বিতীয় ধাপ : EIIN ও Password দিয়ে Login করুন।

তৃতীয় ধাপ : Payment Information এ ক্লিক করুন।

চতুর্থ ধাপ : সংশ্লিষ্ট পরীক্ষার Payslip Download করে অগ্রণী ব্যাংক লি. এর যে কোনো শাখায় টাকা জমা দিন। Payslip Download করতে কোনো সমস্যা হলে ০১৭১৬-৫৪২০১২ এই নাম্বারে যোগাযোগ করুন।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

১০। অন্যান্য বিষয় সংক্রান্তঃ

যে শিক্ষার্থী বৈধ রেজিস্ট্রেশন প্রাপ্ত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি হওয়ার কারণে ২০২০ সালে পরীক্ষা দেওয়ার অযোগ্য বিবেচিত হয়েছে অথবা অন্য যে কোনো ধরনের অবৈধ ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১১। **অন-লাইনে ফরম পূরণের www.iau.edu.bd এ কোন সমস্যা হলে হেল্প ডেস্ক মোবাইল নম্বর- ০১৭০৯-৩৮৯০০৭ আইসিটি শাখা অথবা কামিল (স্নাতকোত্তর) শাখা ০১৭১৩-৬১৫৫৭৭ বা ই-মেইল iau.exam@gmail.com যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।**

১২। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০২০ সালের কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্বের নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট এবং রিটেইক পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিক ভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৬.০১.2022
(অধ্যাপক এস.এম. গাউসুল আজম)
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি/ কামিল. ১ম.২য় পর্ব পরীক্ষা/২০২০/২৩৯৬ তারিখঃ ১৬ জানুয়ারি, ২০২২খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক, অর্থ, হিসাব ও নিরীক্ষা বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. অধ্যক্ষ, বিশ্ববিদ্যালয়ের আওতাধীন সকল কামিল মাদরাসা।
৪. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সেকশন অফিসার, ট্রেজারার দফতর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭. জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দফতর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. অফিস কপি।

১৬.০১.২০২২
(মোঃ আব্দুস সালাম বাসেত)
সেকশন অফিসার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
মোবাইল : ০১৭১৩৫৫৬১৭৭